

# জাবির নতুন উপ-উপাচার্য মোস্তফা ফিরোজ

জাবি প্রতিনিধি

১২ জুলাই ২০২৩ ০৫:৩৫ পিএম | আপডেট: ১২ জুলাই

২০২৩ ০৫:৩৫ পিএম



জাবির নতুন উপ-উপাচার্য মোস্তফা ফিরোজ। ছবি: সংগৃহীত

advertisement..

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মোহাম্মদ মোস্তফা ফিরোজ।

আজ বুধবার সকালে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার উপসচিব মোছা. রোখছানা বেগম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয়। আজ বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে তিনি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন।

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন অনুসারে প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে নিয়োগ করা হলো। উপ-উপাচার্য হিসেবে তার নিয়োগের মেয়াদ ঘোগদানের তারিখ থেকে চার বছর হবে।

প্রজ্ঞাপনে আরও বলা হয়, তিনি বর্তমান পদের সম্পরিমাণ বেতন ভাতাদি পাবেন, পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন। সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন নির্ধারিত এবং উপাচার্যের প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। এছাড়া রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

অধ্যাপক মোহাম্মদ মোস্তফা ফিরোজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ হতে ১৯৮৮ সালে স্নাতক ও ১৯৮৯ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরে ১৯৯২ সালে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে ঘোগদান করেন। ক্যাম্বিজ বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি শেষে ২০০৫ সালে তিনি অধ্যাপক পদে পদোন্নতি পান। তিনি বন্যপ্রাণী বাস্তুতন্ত্র ব্যবস্থাপনা এবং সংরক্ষণ নিয়ে ১৯৯০ সাল থেকে কাজ করে আসছেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ওয়াইল্ডলাইফ রেসকিউট সেন্টার প্রতিষ্ঠা করেন তিনি। এছাড়া একাধারে বিভাগীয় সভাপতি, সিনেট ও সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।